

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৮৩

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - জানায়ার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ قَالَ: إِنَّ جَنَازَةً مَرَّتْ بِالْحَسَنِ بْنِ عَلَيٍّ وَابْنِ عَبَّاسٍ فَقَامَ الْحَسَنُ  
وَلَمْ يَقُمْ ابْنُ عَبَّاسٍ فَقَالَ الْحَسَنُ: أَلَيْسَ قَدْ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِجَنَازَةِ  
يَهُودِيٍّ؟ قَالَ: نَعَمْ ثُمَّ جَلَسَ. رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

১৬৮৩-[৩৮] মুহাম্মাদ ইবনু সিরীন (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার একটি জানাযাহ হাসান ইবনু 'আলী ও ইবনু 'আব্বাস (রাঃ)-এর কাছ দিয়ে অতিক্রম করছিল। (জানাযাহ দেখে) হাসান দাঁড়িয়ে গেলেন। কিন্তু ইবনু 'আব্বাস (রাঃ) দাঁড়ালেন না। হাসান (ইবনু 'আব্বাসকে দাঁড়াননি দেখে) বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি একজন ইয়াতুন্দীর লাশ দেখে দাঁড়িয়ে যাননি? ইবনু 'আব্বাস (রাঃ) বললেন, হ্যাঁ দাঁড়িয়েছিলেন, (প্রথম দিকে) শেষ দিকে আর দাঁড়াননি। (নাসায়ী)[১]

ফুটনোট

[১] সহীহ : নাসায়ী ১৯২৫, ১৯২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জানাযাহ দেখে দাঁড়ানো এবং বসে থাকা দু'টোই রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত। তবে বসে থাকাটা পরবর্তী কর্ম। তাই বলে এটা নাসিখ হয়ে দাঁড়ানোর বিধানকে মানসূখ বা রহিত করেছে এমনটিও নয়। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিজের বসা এবং বসার নির্দেশ ছিল বায়ানে জাওয়ায ও ইবাহাতমূলক, সর্বোপরি এটা ছিল সহজীকরণ, সুতরাং এ বিষয়ের কোন দিককেই ওয়াজিব জ্ঞান করা ঠিক নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

ପାବଲିଶାରଙ୍ଗ ହାଦିସ ଏକାଡେମୀ

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56243>

₹ ହାଦିସବିଭିନ୍ନ ପ୍ରଜେଷ୍ଠ ଅନୁଦାନ ଦିନ